

বলত কার

জলের কাছে গেলে আয়নারকথা মনে পড়ে,
আয়নার সামনে দাঁড়ালেদিঘীর ।
তোমার কাছে গেলে বলতকার ?

নীল আকাশের নীচে দাঁড়ালেসমুদ্রের কথা মনে পড়ে,
সমুদ্রের কাছে গেলে জাহাজের ।
তোমার কাছে গেলে বলতকার ?

পাহাড়ের কাছে গেলে মেঘেরকথা মনে পড়ে,
অরণ্যের অন্তস্থলেবৃষ্টির ।
তোমার কাছে গেলে বলতকার ?

মহুয়া দত্ত

